

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 09-11-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) এসআইআর সংক্রান্ত সামগ্রিক কাজ সহ এনুমারেশন ফর্ম বিলির ক্ষেত্রে নির্বাচনমুখী ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্যে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থানে।
- ২) এসআইআর নিয়ে তৃণমূল কংগ্রেসের সমালোচনার প্রেক্ষিতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, স্বাধীনতার পর থেকে দেশের ৮ বার এসআইআর হয়েছে।
- ৩) হুগলীর তারকেশ্বরে চার বছরের শিশুকন্যাকে ধর্ষণের অভিযোগে তার দাদু গ্রেপ্তার।
- ৪) জাতীয় স্তোত্র বন্দে মাতরম এর দেড়শো বছর পূর্তি উদ্‌যাপনে शामिल হচ্ছে কলকাতা রাজভবন।

রাজ্য সরকার বন্দেমাতরম-এর সার্বশতবর্ষ পালনে উদ্দেশ্যপ্রণোদিতভাবে বাধা দিচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে।
- ৫) রাজ্য জুড়ে শীতের আমেজ। কলকাতায় আজ সর্বনিম্ন ও সর্বোচ্চ দুটি তাপমাত্রাই ছিল স্বাভাবিকের থেকে প্রায় দু ডিগ্রি কম।
- ৬) রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে দ্বিতীয় দিনের শেষে বাংলা, রেলওয়েজের বিরুদ্ধে প্রথম ইনিংসে ৩৭৭ রানে এগিয়ে।

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন এসআইআর সংক্রান্ত সামগ্রিক কাজ সহ এনুমারেশন ফর্ম বিলির ক্ষেত্রে নির্বাচনমুখী ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্যে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থানে রয়েছে। সম্প্রতি তিনদিনের উত্তরবঙ্গ সফরকালে রাজ্যের এই সাফল্যকে সাধুবাদ জানিয়েছেন সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী। তুল্যমূল্য চিত্র প্রকাশ করে সেই সাফল্যকে স্বীকৃতি দিয়েছে নির্বাচন কমিশন।

সর্বশেষ পাওয়া খবরে আজ বিকেল পর্যন্ত রাজ্যে ৪ কোটি ৮৫ লক্ষ এনুমারেশন ফর্ম বিলি করা হয়েছে।

নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, গত পাঁচ দিনে এনুমারেশন ফর্ম বিলির ক্ষেত্রে রাজ্যগুলির গড় শতাংশের বিচারে অঙ্গরাজ্য হিসেবে গোয়ার পরেই রয়েছে পশ্চিমবঙ্গ।

স্বাধীনতার পর থেকে দেশে ৮ বার এসআইআর হয়েছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন। রাজ্য সরকারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে এবং নারী নির্যাতনের প্রতিবাদে আজ বর্ধমানের বড়নীলপুর মোড় থেকে মিছিল করেন তিনি। সাংবাদিকদের বিরোধী দলনেতা বলেন, এসআইআরে অনুপ্রবেশকারীদের নাম বাদ যাবে।

বাইট শুভেন্দু

এদিকে, প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, এসআইআর নিয়ে পরিকল্পিতভাবে আতঙ্কের পরিবেশ তৈরির চেষ্টা চলছে।

বাইট অধীর

রাজ্যে এন্যুমারেশন ফর্ম বিতরণ নিয়ে বিতর্ক অব্যাহত। পুরুলিয়া শহরের ১০ নম্বর ওয়ার্ডের ১৮২ নম্বর বুথে বিএলও-র পরিবর্তে তাঁর স্বামী ওই ফর্ম বিতরণ করছেন বলে অভিযোগ উঠেছে। BLO দেবযানী দাশগুপ্ত জানিয়েছেন শাশুড়ি ও সন্তান অসুস্থ থাকায় তাঁর স্বামী অর্গব মল্লিক ফর্ম বিলি করছেন।

এদিকে, হাওড়ার উনসানির সর্দার পাড়ায় তৃণমূল কংগ্রেসের SIR সহায়তা ক্যাম্প থেকে বিএলও-র এন্যুমারেশন ফর্ম বিলির ঘটনায় বিতর্ক দানা বেঁধেছে।

পূর্ব বর্ধমানের কালনায় রাস্তা থেকে দক্ষিণ দিনাজপুরের বালুরঘাটের বেশ কিছু এন্যুমারেশন ফর্ম উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। আজ সকালে হাটকালনা পঞ্চায়েতের উত্তর গোয়ারা এলাকায় রাস্তার উপর কিছু কাগজ পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। পরে পুলিশ পৌঁছে এন্যুমারেশন ফর্মগুলি উদ্ধার করে নিয়ে যায়। কালনার মহকুমাশাসক জানিয়েছেন, গতরাতে এন্যুমারেশন ফর্ম নিয়ে কলকাতা থেকে বালুরঘাট যাওয়ার সময় গাড়ি থেকে কিছু ফর্ম পড়ে যায়। মোট একুশটি ফর্ম পাওয়া গিয়েছে।

বর্ধমানের দুর্গাপুরে ৯টি বুথের ২৯২ জনের নাম নির্বাচন কমিশনের পোর্টালে না থাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ ২০০২ সালের ভোটার তালিকায় নাম থাকা সত্ত্বেও কমিশনের পোর্টালে ২৯২ জনের নাম নেই।

প্রাকৃতিক বিপর্যয়ে বিধ্বস্ত উত্তরবঙ্গে পুনর্বাসনের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামীকাল ফের সেখানে যাচ্ছেন। দুপুরে বাগডোগরা পৌঁছে

শিলিগুড়ির উত্তর কন্যায় সব জেলাশাসককে নিয়ে বৈঠক করবেন তিনি। বন্যা পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় গৃহীত পদক্ষেপ সম্পর্কে বিস্তারিত আলোচনা হবে বৈঠকে। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে সাক্ষাৎ করে তাঁদের সমস্যার কথাও শুনবেন মুখ্যমন্ত্রী।

হুগলীর তারকেশ্বরে চার বছরের শিশুকন্যাকে ধর্ষণের অভিযোগে তার দাদুকে পুলিশ গ্রেপ্তার করেছে। তারকেশ্বর স্টেশন সংলগ্ন এলাকায় ফুটপাথে দাদু ও দিদার সঙ্গেই থাকতো শিশুটি। গতকাল সকাল থেকেই সে নিখোঁজ ছিল। দুপুরের পরে এলাকারই একটি নর্দমা থেকে রক্তাক্ত অবস্থায় তাকে উদ্ধার করা হয়। তার শরীরে একাধিক আঘাতের চিহ্ন মিলেছে। বর্তমানে চন্দননগর হাসপাতালে চিকিৎসাধীন ওই শিশু।

এদিকে, ঘটনার পরই নিরাপত্তা পরিস্থিতির অবনতি এবং পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগে সরব হয়েছে বিজেপি। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সামাজিক মাধ্যমে এক পোস্টে অভিযোগ করেছেন, শিশুটির পরিবার থানায় অভিযোগ জানাতে গেলে পুলিশ প্রথমে তাতে কর্নপাত করেনি। এমনকি প্রথমে তাকে তারকেশ্বর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানেও তার ঠিক মতো চিকিৎসা হয়নি। প্রতিবাদে গ্রামীণ হাসপাতাল ও থানায় বিক্ষোভ দেখান স্থানীয় বিজেপি কর্মী সমর্থকরা। যদিও পুলিশের দাবি, অভিযোগ পাওয়ার পরই তারা তদন্ত শুরু করেছে।

বিদ্যুৎক্ষেত্রের চাহিদা অনুযায়ী দেশে কয়লা উৎপাদন হচ্ছে বলে কয়লা মন্ত্রকের অতিরিক্ত সচিব সনোজ কুমার ঝা জানিয়েছেন। কলকাতায় আজ হিন্দুস্থান কপার

লিমিটেডের ৫৯ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এক আলোচনায় যোগ দিয়ে তিনি বলেন, বর্তমানে বিদ্যুৎ সংস্থাগুলিতে কয়লার চাহিদা কমছে।

(বাইট – সনোজ ঝা)

অনুষ্ঠানে তাম্রগাঁথা পুস্তকের আনুষ্ঠানিক প্রকাশ করা হয়।

জাতীয় স্তোত্র বন্দে মাতরম এর দেড়শো বছর পূর্তি উদ্‌যাপনে शामिल হচ্ছে কলকাতা রাজভবন। আগামীকাল ভারতীয় জাদুঘর থেকে রাজভবন পর্যন্ত ‘বন্দে মাতরম’ পদযাত্রার নেতৃত্ব দেবেন রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস। কলকাতার বিভিন্ন স্কুলের পড়ুয়া ও বিশিষ্টজনেরা এতে পা মেলাবে। এরপর রাজভবনে Vande Mataram: Spirit of the Nation শীর্ষক এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এছাড়াও থাকছে ‘বন্দে মাতরম ক্যালিগ্রাফি ওয়ার্কশপ’ এবং জনসাধারণের অংশগ্রহণে সমবেত সংগীত পরিবেশনা। রাজ্যপাল জানিয়েছেন, এই কর্মসূচীর মূল উদ্দেশ্য— নতুন প্রজন্মের মধ্যে দেশাত্মবোধ জাগ্রত করা।

রাজ্য সরকার বন্দেমাতরম-এর সার্বশতবর্ষ পালনে উদ্দেশ্যপ্রণোদিতভাবে বাধা দিচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, কলকাতার ৫ নম্বর প্রতাপ চ্যাটার্জি স্ট্রিটে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের বাসভবনে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কর্মসূচি থাকায় পরিকল্পিতভাবে ওই ভবনটিতে তালা দেওয়া হয়। বর্তমানে ভবনটি রক্ষণাবেক্ষণের দায়িত্ব কলকাতা পুরসভার হাতে থাকলেও সঠিকভাবে সেই কাজ হয় না। এ বিষয়ে তিনি মেয়রের দৃষ্টি আকর্ষণ করবেন বলে জানিয়েছেন।

মালায়ালি ভাষার বিশিষ্ট কবি ভল্লাথল নারায়ণ মেননের জন্মজয়ন্তী উপলক্ষে আজ কলকাতার রাজভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস। তিনি কবির রচনার বিভিন্ন দিকের কথা উল্লেখ করেন। নৃত্য ও সংগীতের মাধ্যমে মালায়ালি সংস্কৃতিকে এই অনুষ্ঠানে তুলে ধরা হয়।

নয়-এর দশকের শুরুতে মুক্ত বাণিজ্য নীতি চালু হওয়ার পরই দেশ ভোগবাদের দিকে এগিয়ে গেছে এবং চলচ্চিত্র সহ প্রতিটি শিল্পমাধ্যমে তার প্রভাব পড়ছে বলে মন্তব্য করেছেন বিশিষ্ট চিত্রপরিচালক গৌতম ঘোষ। ৩১ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে আজ এক সাংবাদিক বৈঠকে তিনি কোনো কিছুর সঙ্গে আপোষ না করে সমাজের প্রতি দায়বদ্ধ থেকে ভালো ছবি তৈরির জন্য নতুন প্রযোজকদের প্রতি আহ্বান জানান।

বাইট গৌতম ঘোষ।

উৎসবের চতুর্থ দিন আজ রবিবার হওয়ায় সব প্রেক্ষাগৃহই ছিল পূর্ণ। সিনেমা হলে জায়গা পাননি এমন বহু দর্শক একতারা মুক্ত মঞ্চে, 'সিনেমায় রাগাশ্রয়ী গান' শীর্ষক অনুষ্ঠানে অংশ নেন।

সুন্দরবনের জঙ্গলে বাঘ শুমারির কাজ শুরু হবে আগামী ২৬ শে নভেম্বর। প্রথম পর্যায়ে গণনার কাজের জন্য আগামী ১১ ও ১২ ই ডিসেম্বর পর্যটকদের সুন্দরবনে জলপথে ভ্রমণ বন্ধ থাকবে। ঐ দুদিন কোনো বোট বা লঞ্চ পর্যটকদের নিয়ে জঙ্গলে

প্রবেশ করতে পারবে না। সুন্দরবন টাইগার রিজার্ভের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ওই দুইদিন অনলাইন বুকিং-ও সম্পূর্ণ বন্ধ থাকবে।

উত্তরে বাতাসে ভর করে রাজ্য জুড়ে শীতের আমেজ অনুভূত হচ্ছে। এক ধাক্কায় কমেছে তাপমাত্রার পারদ। কলকাতায় আজ সর্বনিম্ন এবং সর্বোচ্চ তাপমাত্রা দুটোই ছিল স্বাভাবিকের থেকে প্রায় দুই ডিগ্রী কম।

দক্ষিণবঙ্গের শ্রীনিকেতনে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪.৫ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে যা ৪ দশমিক ১ ডিগ্রী কম।

উত্তর দিনাজপুরের রায়গঞ্জও তাপমাত্রা স্বাভাবিকের থেকে ৪ দশমিক তিন ডিগ্রী কম ছিল।

সুরাটে রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে দ্বিতীয় দিনের শেষে বাংলা, রেলওয়েজের বিরুদ্ধে প্রথম ইনিংসে ৩৭৭ রানে এগিয়ে আছে। আজ দ্বিতীয় দিনে বাংলার প্রথম ইনিংস ৪৭৪ রানে শেষ হয়। অনুস্তুপ মজুমদার ১৩৫, সুমন্ত গুপ্ত ১২০ রান করেন। কুনাল যাদব চার উইকেট নিয়েছেন। আদর্শ সিং ও করণ শর্মা দুটি করে উইকেট নিয়েছেন। এরপর রেলওয়েজ প্রথম ইনিংসে ব্যাট করতে নেমে দিনের শেষে ৫ উইকেটে ৯৭ রান করেছে। ভার্গব মেরাই ৩৭ রানে, উপেন্দ্র যাদব ২০ রানে অপরাজিত আছেন। বাংলার হয়ে সুরজ সিঙ্কু জয়সওয়াল চার উইকেট নিয়েছেন।
